



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৬ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়রের সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রমিক ও কর্মচারী লীগ (সিবিএ)'র কমিটির নবনির্বাচিত নেতৃবৃন্দের মতবিনিময় নাগরিক দায়বদ্ধতা থেকে নাগরিক সেবা শতভাগ নিশ্চিত করা কর্মকর্তা ও কর্মচারীদের নৈতিক দায়িত্ব।

-মেয়র আ জ ম নাছির উদ্দীন

সম্প্রতি চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রমিক ও কর্মচারী লীগ (সিবিএ) রেজি নং-৬৮৩, এর সকল সদস্যদের সর্বসম্মত মতামতের ভিত্তিতে গঠিত সংগঠনের সভাপতি ফরিদ আহমদ এবং সাধারণ সম্পাদক মোরশেদুল আলম চৌধুরীর নেতৃত্বে পূর্ণাঙ্গ কমিটি আজ ২৬ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. মঙ্গলবার, বিকেলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় করেন। এসময় মেয়র আ জ ম নাছির উদ্দীন সিবিএ নেতৃবৃন্দকে নাগরিক সেবা নিশ্চিত করার জন্য কর্মচারীদের সঠিকভাবে সততার সাথে দায়িত্ব পালন করার দিক নির্দেশনা দেয়ার পরামর্শ দেন। তিনি বলেন, তার কাছে দাবী পেশ করার কোন প্রয়োজন নেই শ্রমিকদের স্বার্থ সংরক্ষণ করাই তার নৈতিক দায়িত্ব বলে কর্মচারীদের সকল সুযোগ সুবিধা নিশ্চিত করে যাচ্ছেন। মেয়র পরিচ্ছন্ন ও পরিবেশ বান্ধব নগরীর প্রয়োজনীয় কার্যক্রম সততার সাথে প্রতিনিয়ত সম্পাদনের জন্য কর্মচারীদের উদ্বুদ্ধ করার আহবান জানান। তিনি বলেন, সিটি কর্পোরেশনের সকল কর্মকর্তা ও কর্মচারী বেতনভাতা নগরবাসীর পৌরকরের মাধ্যমে পরিশোধ করা হয়। নাগরিক দায়বদ্ধতা থেকে নাগরিক সেবা শতভাগ নিশ্চিত করা কর্মকর্তা ও কর্মচারীদের নৈতিক দায়িত্ব। তিনি নবগঠিত কমিটির নেতৃবৃন্দকে সংগঠনের দায়িত্ব নির্ণায়ক পালন করার পরামর্শ দেন। মতবিনিময়ে সিবিএ নেতৃবৃন্দ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনে সব ধরনের স্বার্থ সংরক্ষণ এবং নাগরিক সেবা শতভাগ নিশ্চিত করার অঙ্গীকার ব্যক্ত করেন। মতবিনিময়ে সিবিএ'র নবনির্বাচিত সভাপতি ফরিদ আহমদ, সাধারণ সম্পাদক মোরশেদুল আলম চৌধুরী, সিনিয়র সহ সভাপতি জাহিদুল আলম চৌধুরী, সহ সভাপতি রুপন দাশ, মো. ইয়াছিন চৌধুরী, যুগ্ম সম্পাদক মুজিবুর রহমান ও বিপ্লব কুমার চৌধুরী, সহ সম্পাদক রতন দত্ত, সাংগঠনিক সম্পাদক আবুল মাসুদ, আইন সম্পাদক ফরিদ আহমদ, অর্থ সম্পাদক তারেক সুলতান, সহ প্রচার সম্পাদক রতন শীল, সহ দপ্তর সম্পাদক ওয়াহিদুল আজিম সোহেল, সমাজসেবা সম্পাদক বাবুল কান্তি সেন, মহিলা সম্পাদিকা নমিতা রানী বিশ্বাস ও নির্বাহী সদস্য এলেন মুন্সি উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২৭ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

শারদীয় দুর্গোৎসব উপলক্ষে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের বাণী

শারদীয় শ্রী শ্রী দুর্গাপূজা বাঙালি হিন্দুদের প্রধান ধর্মীয় উৎসব। এ উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এক বাণী দিয়েছেন। বাণীতে মেয়র বলেন, শারদীয় দুর্গোৎসব আবহমান বাংলার সংস্কৃতির একটি অংশ। এই দুর্গোৎসব শুধু সনাতন ধর্মালম্বীদের নয়- জাতি, ধর্ম, বর্ণ, নির্বিশেষে সকল বাঙালির উৎসব। এই দুর্গোৎসবে সকলের মধ্যে হিংসা-বিদ্বেষ, বৈষম্য, মতানৈক্য ও উচু-নিচু ভেদাভেদ ভুলে সবাই এক সাথে মিলিত হয়। এতে মানুষ-মানুষের মধ্যে সৌহার্দ্য ও ব্রাতৃস্ববোধ বাড়ে এবং সকল বৈষম্য দূর হয়। মহিষাসুরের মৃত্যুর মধ্য দিয়ে স্বর্গ, মর্ত্য ও পাতালে শান্তি ফিরে আসে। মেয়র আ জ ম নাছির উদ্দীন দুর্গোৎসব উপলক্ষে সনাতন ধর্মীয় সম্প্রদায়ের সুখ-শান্তি ও সমৃদ্ধি কামনা করেন। তিনি আশা করেন, অসুরের পতনের মধ্য দিয়ে দেশে শান্তি ও স্থিতিশীল পরিস্থিতি বিরাজ করবে এবং সকলে সুখে থাকবে।

চট্টগ্রাম- ২৭ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

সিটি মেয়রের নিকট ৩৫ কোটি ৫৫ লক্ষ টাকার হোল্ডিং ট্যাক্স হস্তান্তর করল চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

২৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. বুধবার, দুপুরে মেয়র বাসভবনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর নিকট চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ তাদের ১ বছরের হোল্ডিং ট্যাক্স বাবদ ৩৫ কোটি ৫৫ লক্ষ টাকার একটি চেক হস্তান্তর করেন। এসময় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সদস্য অর্থ (যুগ্ম সচিব) কামরুল আমিন, ও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মো. রফিকুল আলম এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, মেয়রের একান্ত সচিব মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মো. সাইফুদ্দিন, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, শিক্ষা কর্মকর্তা সিদ্ধার্থ কর ও মো. সাইফুর রহমান, উপ কর কর্মকর্তা নাসির উদ্দিন চৌধুরী সহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। হোল্ডিং ট্যাক্সের চেক হস্তান্তর উপলক্ষে অনুষ্ঠিত সুধি সমাবেশে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, চট্টগ্রাম বন্দর অর্থনীতির স্বর্ণদ্বার। চট্টগ্রাম বন্দরকে সর্বোচ্চ ব্যবহারের মধ্য দিয়ে দেশের অর্থনীতিকে আরো গতিশীল করা সম্ভব। বন্দর কর্তৃপক্ষ আন্তরিকতার সাথে চট্টগ্রাম বন্দরকে আরো আধুনিকায়ন ও গতিশীল করার প্রত্যয়ে দায়িত্ব পালন করছে-যা প্রশংসার দাবী রাখে। মেয়র আশা করেন, বন্দর কর্তৃপক্ষ, কর্মকর্তা ও কর্মচারী এবং শ্রমিক শ্রেণী ঐক্যবদ্ধ থাকলে চট্টগ্রাম বন্দরকে কোন মহল রাজনীতির হাতিয়ার হিসেবে ব্যবহার করে বন্দরকে অস্থিতিশীল করতে পারবে না। মেয়র বলেন, দেশ এবং জাতির উন্নয়ন ও সমৃদ্ধির এ বন্দরকে নিয়ে নানামুখি ষড়যন্ত্র ও চক্রান্ত থাকতে পারে। সততা ও দেশপ্রেম থাকলে কোন ষড়যন্ত্রই দেশের উন্নয়নের চাকাকে স্তব্ধ করতে পারবে না। মেয়র চট্টগ্রাম বন্দরকে সচল ও গতিশীল রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা